

প্রেস বিজ্ঞপ্তি

তারিখ: ০৬/০২/২০২০

বরাবর

বার্তা সম্পাদক/প্রধান প্রতিবেদক/এসাইনমেন্ট অফিসার

জনাব

শুভেচ্ছা জানবেন!

সকল শ্রেণি-পেশা নির্বিশেষে নারীর অধিকার ও মর্যাদা প্রতিষ্ঠার লক্ষ্যে ‘কর্মজীবী নারী’ ১৯৯১ সাল থেকে নারী ও নারীশ্রমিকের ক্ষমতায়নের প্রচেষ্টার মধ্য দিয়ে নারীর মর্যাদা বৃদ্ধি এবং জাতীয় অগ্রগতিতে নারীর অবদান রাখার বিষয়ে বিভিন্ন কার্যক্রম চালিয়ে আসছে।

‘কর্মজীবী নারী’ ‘নারী-পুরম্বা বাঁধো জোট, নারী সহিংসতা হোক প্রতিরোধ’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে আগামী ৭ ফেব্রুয়ারি ২০২০ শুক্রবার, বিকাল ৩ টায় মিরপুর-১ এর উপ-শহর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের মাঠে প্রাঙ্গণে “নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে পুরম্বা সমাবেশ” আয়োজন করতে যাচ্ছে। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন কর্মজীবী নারী’র সহ-সভাপতি উম্মে হাসান বালমল এবং প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন হাসানুল হক ইনু, সভাপতি-তথ্য মন্ত্রণালয় সম্পর্কিত সাংসদীয় স্থায়ী কমিটি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন শাহীন অনাম, নির্বাহী পরিচালক, মানুষের জন্য ফাউন্ডেশন ও নাদের চৌধুরী, নাট্য ব্যক্তিত্ব ও চলচ্চিত্র নির্দেশক। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন মো: কাজী টিপু সুলতান, কাউন্সিলার, ৮ নং ওয়ার্ড, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, মো: আব্বাস আরী আকন্দ, প্রধান শিক্ষক, উপশহর সরকারী প্রাথমিক বিদ্যালয়, শেখ জিল্লুর রহমান, সভাপতি, পরিচালনা কমিটি-উপশহর সরকারী প্রাথমিক বিদ্যালয়, রোকেয়া ইসলাম, কবি ও কথা সাহিত্যিক এছাড়াও উক্ত অনুষ্ঠানে, উন্নয়ন সংগঠন, নারী সংগঠন ও শ্রমিক সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত থাকবেন।


অনুষ্ঠান : “নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে পুরম্বা সমাবেশ”

বিষয় : ‘নারী-পুরম্বা বাঁধো জোট, নারী সহিংসতা হোক প্রতিরোধ’

তারিখ, সময় ও স্থান: ০৭ ফেব্রুয়ারি ২০২০, শুক্রবার; বিকাল ৩ টায়
উপ-শহর সরকারী প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণ, মিরপুর-০১।

অনুগ্রহপূর্বক উক্ত আয়োজনে আপনার বহুল প্রচারিত জাতীয় দৈনিক / দর্শক নন্দিত টেলিভিশন চ্যানেল / বার্তা সংস্থার পক্ষ থেকে একজন প্রতিবেদক ও একজন চিত্র সাংবাদিক / ক্যামেরা ক্রু পাঠানোর অনুরোধ করছি।

বার্তা প্রেরক



সানজিদা সুলতানা

পরিচালক, কর্মজীবী নারী

যোগাযোগ: আল-জাহিদ; মোবাইল: ০১৬৮৬১৬০৬২৯

KarmojibiNari: Green Avenue Park, House-01, Apartment B8, Road-03, Block-A, Section-06, Mirpur, Dhaka-1216